27

তারিখ 02 FEB 1996
পৃষ্ঠা ৭ কলাম ৮

দৈনিক বাংলা

# বুয়েটে যথারীতি পরীক্ষা হয়েছে

স্টাফ রিপোর্টার : ছাত্রলীগ আহূত হরতালে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সাড়া দেয়নি। গতকাল বৃহস্পতিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চার শতাধিক ছাত্রছাত্রী ৫টি বিষয়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

বৃহস্পতিবার ছাত্রলীগ (শা-পা)

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বুয়েটে যথারীতি পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় এলাকায় হরতাল আহ্বান করে। হরতাল আহ্বানকারীরা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পূর্বঘোষিত পরীক্ষা স্থগিত রাখার জন্যও কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানায়। কিন্তু প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিত রাখতে অপারগতা প্রকাশ করে। এদিন যথারীতি ছাত্ররা ক্যাম্পাসে এসে পরীক্ষায় অংশ নেন।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক আসাদুল্লাহ খান জানান, পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী বৃহস্পতিবার ৫টি বিষয়ে পরীক্ষা ছিল। লেভেল টু টার্ম ওয়ান এর চূড়ান্ত পরীক্ষার বিষয়গুলো ছিল সিভিল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, কম্পিউটার সায়েন্স ও মেট্রোলজি। সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত এ পরীক্ষায় চার শতাধিক ছাত্রছাত্রী অংশ নেয়। অনুষ্ঠিত অন্যান্য দিনের পরীক্ষার মতই স্বাভাবিক ছিল গতকালকের পরীক্ষা।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ মোহাম্মদ শাহজাহান দৈনিক বাংলাকে বলেন, গতকালের পরীক্ষায় উপস্থিতি ছিল সম্পূর্ণ স্বাভাবিক। হরতাল আহ্বানকারীদের ডাকে পরীক্ষার্থীরা সাড়া দেয়নি বলেও তিনি মন্তব্য করেন। তিনি বলেন, বুধবার রাতে হরতাল আহ্বানকারী ছাত্রসংগঠনের নেতৃবৃন্দ ফোনে তাকে পরীক্ষা পেছানো বা স্থগিত করার জন্য অনুরোধ জানান। এই অনুরোধের প্রেক্ষিতে ভিসি বলেন, পরীক্ষার্থীরা যদি হলে আসে তবে পরীক্ষা হবে। বৃহস্পতিবার যথাসময়ে পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে এসেছে এবং সম্পূর্ণ স্বাভাবিক পরিস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।